

📖 নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন

রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

নিহত কুরায়েশ নেতৃবৃন্দের কয়েকজন (بعض المقتولين من سادات قريش)

বদর যুদ্ধে কুরায়েশ পক্ষের ৭০ জন নিহত ও ৭০ জন বন্দী হন (ইবনু হিশাম ১/৭১৪)। নিহতদের মধ্যে প্রসিদ্ধ কয়েকজন হ'লেন, (১-৫) বনু 'আদে শামস গোত্রের উৎবাহ ও তার পুত্র অলীদ এবং ভাই শায়বাহ বিন রাবী'আহ, হানযালা বিন আবু সুফিয়ান এবং উক্বা বিন আবু মু'আইত্ব। যাকে পরে হত্যা করা হয়। (৬) বনু মাখযুম গোত্রের আবু জাহল 'আমর ইবনু হিশাম। (৭-৮) বনু জুমাহ গোত্রের উমাইয়া বিন খালাফ জুমাহী ও তার পুত্র আলী। (৯) বনু আসাদ গোত্রের আবুল বাখতারী 'আছ বিন হিশাম ও (১০) নওফাল বিন খুওয়াইলিদ বিন আসাদ (কুরাইশের শয়তানদের অন্যতম)। (১১) বনু নওফাল গোত্রের তু'আইমা বিন 'আদী। জুবায়ের বিন মুত'ইম-এর চাচা। (১২) বনু 'আদ্দিদার গোত্রের নযর বিন হারেছ। যাকে পরে হত্যা করা হয়। (১৩-১৪) বনু সাহম গোত্রের নুবাইহ ও মুনাবিবহ ইবনুল হাজ্জাজ দুই ভাই (ইবনু হিশাম ১/৭০৮-১৩)।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=5413>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন